

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো
পল্লী ভবন, ৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫


স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.২৭.০৪৮.২৪- ২৭৮

তারিখ: ৩ মার্চ, ২০২৫

বিষয়ঃ ব্যাখ্যা তলব।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি'র মাঠ সংগঠক হিসেবে ঝিনাইদহ জেলার কালিগঞ্জ উপজেলায় কর্মকালীন এআরডিও'র সাথে যোগসাজস করে এককালীন ঋণ পরিশোধের জন্য সুফলভোগী সদস্যদের উৎসাহিতকরনের মাধ্যমে সুকৌশলে ঋণ খেলাপীতে পরিনত করে নিজেদের অর্থ বিনিয়োগ করে আবার কোন কোন ক্ষেত্রে এক সমিতির টাকা উত্তোলন করে অন্য সমিতিতে বকেয়া ঋণ পরিশোধপূর্বক সদস্যদের নিকট হতে অধিক হারে সুদ আদায় করেছেন মর্মে অভিযোগ রয়েছে। আপনার এ ধরনের কার্যক্রমের জন্য বর্তমানে উক্ত উপজেলায় বিপুল পরিমাণ অর্থ মেয়াদোত্তীর্ণ খেলাপীতে পরিনত হওয়ার মাধ্যমে প্রকল্প/কর্মসূচি'র আর্থিক ক্ষতিসাধন হয়েছে; যা মাঠ সংগঠক হিসেবে দায়িত্ব পালনে অনীহা/অবহেলা, অসততা ও অযোগ্যতার সামিল হিসেবে বিবেচিত হবে।

এমতাবস্থায়, মাঠ সংগঠক হিসেবে দায়িত্ব পালনে অনীহা/অবহেলা, অসততা ও অযোগ্যতার জন্য মেয়াদোত্তীর্ণ খেলাপীতে পরিনত হওয়ার মাধ্যমে প্রকল্প/কর্মসূচি'র আর্থিক ক্ষতিসাধন হওয়ায় আপনাকে অযোগ্য এবং অদক্ষ হিসেবে বিবেচনা করে কর্মসূচি'র কর্মচারী ব্যবস্থাপনা ও পরিচালন নীতিমালা, ২০২২ এর অনুচ্ছেদ ২৪ (খ) ও (ঝ) মোতাবেক দোষী সাব্যস্ত করে অনুচ্ছেদ ২৫ (খ)(ই) মোতাবেক কর্মসূচি'র চুক্তি ভিত্তিক নিয়োগ হতে কেন বরখাস্ত করা হবে না তার জবাব আগামী ০৭(সাত) কর্মদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে কর্মসূচি সদর কার্যালয়ে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে বলা হলো।


০৬, ০৬, ২৫,
এ,এস,এম সোলায়মান
উপ প্রকল্প পরিচালক

জনাব রোকসানা ইসলাম
মাঠ সংগঠক
ইরেসপো, বিআরডিবি, কোর্টচাঁদপুর, ঝিনাইদহ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ কালিগঞ্জ/ কোর্টচাঁদপুর জেলাঃ ঝিনাইদহ।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ ঝিনাইদহ।
৪. ব্যক্তিগত নথি।

সদয় অবগতির জন্যঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।